তারিখ ... 31 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬

সমকাল

# মুক্তাগাছায় শিক্ষিকাকে মারধর করলেন আরেক শিক্ষক

■ মুক্তাগাছা (ময়মনসিংহ) প্রতিনিধি

তুচ্ছ ঘটনায় এক শিক্ষিকার চুলের মুঠি ধরে মারধর করে স্কুল থেকে বের করে দিতে চাইলেন একই স্কুলের শিক্ষক আল ইমরান কায়সার। ঘটনাটি ঘটেছে সোমবার উপজেলার হরিণাতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অফিস কক্ষে। মঙ্গলবার বিকেলে ঘটনার সঙ্গে জড়িত শিক্ষকের বিচার দাবি করে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ দেওয়া হয়েছে। অভিযোগ দাখিল করেন ওই স্কুলের প্রধান শিক্ষক রুহুল আমীন।

মুক্তাগাছা উপজেলার ঘোগা ইউনিয়নের হরিণাতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের পরীক্ষার সার্টিফিকেট লেখাকে কেন্দ্র করে সহকারী শিক্ষক মোহাম্মদ আল ইমরান কায়সারের সঙ্গে একই স্কুলের শিক্ষিকা সালমা আক্তারের কথা কাটাকাটি হয়। ঘটনার একপর্যায়ে সহকারী শিক্ষক আল ইমরান কায়সার তাকে মারধর করে স্কুল থেকে বের করে দিতে চেষ্টা করেন। তিনি যেতে না চাইলে অফিস কক্ষের 'ড্রয়ার' থেকে চাকু বের করে তার দিকে তেড়ে যান ওই শিক্ষক। এ সময় স্কুলের অন্য শিক্ষকরা এগিয়ে এসে ওই শিক্ষিকাকে উদ্ধার করেন। এ খবর এলাকায় ছড়িয়ে পড়লে ওই দিনই স্কুলের ম্যানেজিং কমিটির জরুরি বৈঠকে এ ঘটনায় তীব্র নিন্দা জানানো হয়।

স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি এবিএম গোলাম ছরওয়ার শাহীন বলেন, এ ধরনের ঘটনার সঙ্গে জড়িত শিক্ষকের অপসারণসহ দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোস্তাফিজুর রহমান বলেন, ঘটনার সত্যতা পাওয়া গেলে ওই শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।